উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩৮ **(আটত্রিশ)** তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ২৩ মে ২০২২ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভার শুরুতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সফল অর্থমন্ত্রী, বরেণ্য রাজনীতিবিদ, ভাষা সৈনিক ও সাহিত্যিক জনাব আবুল মাল আব্দুল মুহিত এর মৃত্যুতে শোক প্রস্তাব করে দাড়িয়ে ০১(এক) মিনিট নিরবতা পালন করা হয় এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরতা কামনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষযে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর এপ্রিল/২০২২ খ্রি. মাসের ১০,৮১২/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>(খ) মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, জ্বালানী বিল, আপ্যায়ন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল ও এডিপি'র আওতায় বরাদ্দকৃত অনেক কাজ পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যার কারণে যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি ২০২১-২২ অর্থ বছরের এডিপি'র বরাদ্দের ৫% উদ্বৃত্ত অর্থে নিম্নরূপ স্কিম গ্রহণের প্রস্তাব করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান, এ বিষয়ে পরবর্তীতে বিস্তারিত আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। তিনি আরও বলেন, ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে গৃহীত প্রকল্পের মধ্যে কালভার্ট নির্মান কাজ সম্পন্ন করা এ মুহর্তে সম্ভব হবে না। | (ক-১) বন্যার কারণে যেসকল উন্নয়ন কাজ যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হবেনা সেগুলি বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| | | ক) কচুয়ারপাড় নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মান(অসমাপ্ত অংশ)- ১,০০,০০০/-<br>খ) তোয়াকুল বাজার মাদ্রাসা উন্নয়ন- ১,০০,০০০/-<br>গ) উপজেলার কৃষকদের মাঝে রোপা আমন বীজ সরবরাহ- ১,০০,০০০/-<br>ঘ) পাঁচমৌজা নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের উন্নয়ন- ১,৫৩,৫০০/- | (ক-২) প্রস্তাবিক স্কিমসমূহ সভায় অনুমোদিত হয় এবং বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| | | (খ) উপস্থিত চেয়ারম্যানগণ সভায় জানান, পাহাড়ী ঢলের কারণে সৃষ্ট বন্যার কারণে উপজেলার বিভিন্ন রাস্তা ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে। রাস্তাগুলো ক্ষতিগ্রস্থ হওয়ায় যোগাযোগ ব্যবস্থায় জনমনে দুর্ভোগের সৃষ্টি হয়েছে। এ বিষয়ে উপজেলা মৎস্য অফিসার আলোচনায় অংশ নিয়ে জানান, বন্যায় মৎস্যজীবিরা অনেক ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি বলেন, এসকল ক্ষতির সম্ভাব্য পরিমান নির্ধারন পূর্বক যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। উপজেলা কৃষি অফিসার জানান, বন্যায় প্রায় ১০০০ হেক্টর বোরোধান ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি জানান, কৃষি বিভাগ হতে আউশ প্রণোদনা দেয়া হচ্ছে। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের বীজ সহায়তা প্রদান করা যেতে পারে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, গোয়াইনঘাট উপজেলা একটি কৃষি প্রধান উপজেলা। বন্যার কারণে প্রতি বছরই কৃষকদের ব্যাপক ক্ষতি হয়ে থাকে। | (খ) পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ যথাযথভাবে নিরূপন এবং এসকল ক্ষতি লাগবে সকল ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর প্রধান |
| | | (গ) স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখা'র ২৩ নভেম্বর ২০২০ খ্রি. তারিখের ৫২৯ নং স্মারকে প্রেরিত পত্রটি সভায় উপস্থাপন করা হয়। নির্দেশনা মোতাবেক হাটবাজার ইজারালব্দ ৪১% আয় হতে ইউনিয়ন পরিষদ কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের বিধান রয়েছে। ১৪২৯বাংলা সনে হাটবাজার ইজারার ৪১% বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ২৪,৮১,৯৩৮/- (চব্বিশ লক্ষ একাশি হাজার নয়শত আটত্রিশ) জমা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সে বিপরীতে জনাব মমতাজ আহমদ, ইউপি সচিব, ৬নং ফতেপুর ইউপির লাম্পগ্রান্ট ভাতা বাবদ ৪,৯৩,৩৮০/- (চার লক্ষ তিরানব্বই হাজার তিনশত আশি) টাকা ও অবসর ভাতা বাবদ ১৪,৮৯,৯৪০/- (চৌদ্দ লক্ষ লক্ষ উননব্বই হাজার নয়শত চল্লিশ) টাকা; ইউপি সচিব ও হিসাব সহকারীদের ২০২১-২২ অর্থ বছরে বেতন-ভাতা বাবদ ১২,৩৬,৭৬৫/- (বার লক্ষ ছত্রিশ হাজার সাতশত পঁয়ষট্টি) টাকা, ৬জন মৃত ও ২জন অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশদের আনুতোষিক ভাতা বাবদ ২,০৫,০০০/- (দুই লক্ষ পাঁচ হাজার) টাকা এবং গ্রাম পুলিশদের ২০২০ সালের ৪মাসের বেতন-ভাতা বাবদ ১১,২৭,০০০/- (এগার লক্ষ সাতাশ হাজার) টাকাসহ মোট (৪,৯৩,৩৮০+ ১৪,৮৯,৯৪০+১২,৩৬,৭৬৫+১১,২৭,০০০+ ২,০৫,০০০)= ৪৫,৫২,০৮৫/- (পঁয়তাল্লিশ লক্ষ বায়ান্ন হাজার পঁচাশি) টাকা বকেয়া রয়েছে। ১%স্থাবর সম্পত্তি হস্তান্তর আয়ের দ্বারা কোনভাবে গ্রাম পুলিশদের মাসিক বেতন পরিশোধ করা হয় মর্মে সভায় অবহিত করা হয়। উপস্থিত সদস্যগণ বলেন, ইউনিয়ন পরিষদ কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করা জরুরী। উপস্থিত চেয়ারম্যান সভায় একমত পোষণ করে হাটবাজারের ৪১% মাধ্যমে পরিশোধের পর অবশিষ্ট বকেয়া অংশ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (গ-১) ১৪২৯বাংলা সনে হাট বাজার ইজারার ৪১% বাবদ প্রাপ্ত ২৪,৮১,৯৩৮/- (চব্বিশ লক্ষ একাশি হাজার নয়শত আটত্রিশ) টাকা ইউপি সচিব, হিসাব সহকারী, গ্রাম পুলিশদের বেতন ও ভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, গত ০৫/০৫/২০২২ খ্রি. তারিখের উপজেলা পরিষদের পরবর্তী অর্থ বছরের বাজেট প্রস্তুতের লক্ষ্যে উপজেলা বাজেট | (ঘ) প্রস্তাবিত বাজেট বিস্তারিত আলোচনান্তে | উপজেলা নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রণয়ন কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয়-ব্যয় ও অন্যান্য আয়-ব্যয় বিবেচনা করে ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেট নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। | অফিসার |
| | | (ঙ) ৩নং পূর্ব জাফলং চেয়ারম্যান সভায় বলেন, গত সভায় বল্লাঘাট খেয়াঘাট বিষয়ে আলোচনা করা হয়। তিনি জানান, এ খেয়াঘাট পূর্ব জাফলং ইউনিয়নের মধ্যেই অবস্থিত হওয়ায় ইউনিয়ন পরিষদের পক্ষ হতে ইজারা প্রদান করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ বলেন, যেহেতু এ বিষয়ে পূর্ব জাফলং ও মধ্য জাফলং ইউনিয়ন হতে আপত্তি রয়েছে সেহেতু সরেজমিন পরিদর্শন করে ম্যাপ অনুযায়ী চিহ্নিত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, নীতিমালা অনুযায়ী ২০,০০০/- টাকার উর্ধ্বের খেয়াঘাটসমূহ উপজেলা পরিষদের মাধ্যমে ইজারার বিধান রয়েছে। | (ঙ) খেয়াঘাট নীতিমালা অনুযায়ী উপজেলাধীন সকল খেয়াঘাট সহকারী কমিশনার (ভূমি), গোয়াইনঘাট এর মাধ্যমে সরেজমিন তদন্ত পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (চ) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, স্থানীয় সরকার বিভাগের আওতায় সংস্কার/মেরামতযোগ্য ইউনিয়নের তালিকা চাওয়া হয়েছে। তিনি জানান, নীতিমালা অনুযায়ী সর্বোচ্চ ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত চাহিদা প্রেরণের নির্দেশনা রয়েছে। এর বেশি চাহিদা থাকলে স্থানীয় সরকার বিভাগের পুর্বানুমতি গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। তিনি সভাকে জানান, গত বছরে এ উপজেলায় পূর্ব আলীরগাঁও, নন্দিরগাঁও, তোয়াকুল ও ডৌবাড়ি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে মেরামত/সংস্কার বাবদ বরাদ্দ প্রদান করা হয়েছে এবং বর্তমানে কার্যক্রম চলমান রয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে বলেন, অন্যান্য যেসকল ইউনিয়ন মেরামতযোগ্য সেগুলি দ্রুত প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রেরণের উদ্যোগ গ্রহন করা জরুরী। | (চ) ইউনিয়ন পরিষদ মেরামত খাতে বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্প যথাযথভাবে বাস্তবায়ন এবং অন্যান্য মেরামতযোগ্য ইউনিয়ন পরিষদের তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| | | (ছ) উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, বন্যায় অসহায় পরিবার সমূহ খাবার ও বিশুদ্ধ পানির অভাবে বেশি রয়েছে। তিনি বলেন, বন্যায় ক্ষতিগ্রস্থ অসহায় পরিবারের মাঝে সরকারের পাশাপাশি ব্যক্তি উদ্যোগেও মানবিক সহায়তা ও পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণ করা যেতে পারে। তিনি আরও জানান, ইউনিয়ন পর্যায়ে মানবিক সহায়তা সুষ্ঠুভাবে বিতরণে এবং সার্বিক মনিটরিংয়ের লক্ষ্যে সরকারী কর্মকর্তাদের সমন্বয়ে ট্যাগ অফিসার নিয়োগ করা হবে। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, বন্যার সময় পানি বিশুদ্ধকরণের লক্ষ্যে প্রাপ্ত সকল ট্যাবলেট ইউনিয়ন পর্যায়ে বিতরণ করা হয়েছে। উপস্থিত চেয়ারম্যানগণ সভায় জানান, এ পর্যন্ত সরকারী/বেসরকারীভাবে প্রাপ্ত সকল মানবিক সহায়তা যথাযথভাবে বিতরণ করা হয়েছে। উপস্থিত সকল সদস্যগণ আলোচনায় অংশ নিয়ে বলেন, গোয়াইনঘাট উপজেলা নিচু ও হাওর অঞ্চল হওয়ায় প্রতিবছর পাহাড়ী ঢল এবং অতিবৃষ্টির কারণে বন্যায় ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়। বছরে প্রায় ৬/৭ বার বন্যা হয় এবং নিম্নাঞ্চল প্লাবিত হয়। সুনামগঞ্জের ন্যায় গোয়াইনঘাট উপজেলাকে হাওর অঞ্চল হিসেবে বিবেচনা করে বাঁধ নির্মান ও খাল খননসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহন করা যায় এক্ষেত্রে বন্যার সময় জানমালের ক্ষয়ক্ষতি অনেকাংশে হ্রাস পাবে। এ সময় গোয়াইনঘাট উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক শুকনো খাবার ও মানবিক সহায়তা প্রদান করায় সভায় ধন্যবাদ জানানো হয়। | (ছ-১) মানবিক সহায়তা বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নে ট্যাগ অফিসার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ-২) গোয়াইনঘাট উপজেলাকে হাওর অঞ্চল হিসেবে ঘোষণার লক্ষ্যে মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিও গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা নির্বাহী অফিসার |
| | | (জ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, অনেক ক্ষতিগ্রস্থ রাস্তা সরেজমিন পরিদর্শন করে তাৎক্ষনিক কিছুটা মেরামত করা হয়েছে। তিনি জানান, বন্যায় বেশি ক্ষতিগ্রস্থ রাস্তাসমূহ মেরামতের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ইতোমধ্যে প্রধান প্রকৌশলী বরাবরে পত্র দেয়া হয়েছে। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আলোচনায় অংশ নিয়ে বলেন, বন্যার সময় বিশুদ্ধ পানির চাহিদা মেটাতে বিশুদ্ধ পানির ভ্রাম্যমান ভ্যানের ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, বন্যার কারণে আপাতত গভীর নলকুপের ভরিং কার্যক্রম বন্ধ রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় সালুটিকর-গোয়াইনঘাট রাস্তার নতুন প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরও বলেন, বন্যা পরবর্তীতে যোগাযোগ ব্যবস্থা সচল রাখার স্বার্থে | (জ) বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তা ও কালভার্ট সমূহ দ্রুত মেরামত/সংস্কারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যেসকল রাস্তা ও কালভাট ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলি প্রাথমিকভাবে মেরামত করে যোগাযোগ ব্যবস্থা চালু রাখতে হবে। কোন অবস্থাতেই রাস্তা/কালভার্ট বন্ধ করে রাখা ঠিক হবেনা। এতে করে যোগাযোগ ব্যবস্থা পুরো বন্ধ হয়ে যাবার সম্ভাবনা থাকে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, উপজেলায় উন্নয়ন কার্যক্রমে বাস্তবায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে দেয়া হলেও চেয়ারম্যান, উপজেলা পরিষদ কিংবা উপজেলা নির্বাহী অফিসার অবগত নয়। | | |
| | | (ঝ) চেয়ারম্যান, ৬নং ফতেপুর ইউপি সভায় বলেন, ফতেপুর এলাকায় পাহাড়ী টিলায় লোকজনের বসবাস থাকায় অতিবৃষ্টিতে পাহাড় ধ্বসসহ জানমালের ব্যাপক ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, পাহাড় ধ্বস হতে জানমালের ক্ষতি রোধে জনসচেতনতা বৃদ্ধিসহ এসকল পাহাড়ী টিলায় পর্যাপ্ত পরিমাণে গাছ লাগানো জরুরী। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, ইতোপূর্বে অতিবৃষ্টিতে কয়েকটি স্থানে পাহাড় ধ্বসের কারণে অনেক জানমালের ক্ষতি সাধিত হয়েছে। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন, পাহাড়ী ধ্বস হতে জানমালের ক্ষয়ক্ষতি হ্রাসে এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে স্থানীয় পর্যায়ে মাইকিংসহ প্রয়োজনীয় প্রচারণা করা জরুরী। | (ঝ) পাহাড়ের পাদদেশে অবস্থারতে নিরাপদ দূরত্বে স্থানান্তর ও এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে মাইকিংসহ প্রচারণার উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ |
| | | (ঞ) উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বন্যার কারণে প্রায় সকল বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। কয়েকটি এলাকার বিদ্যালয়ের বন্যার পানি নামলেও অনেক স্কুলে এখনো পানি রয়েছে। তিনি জানান, বন্যায় প্রায় ৪২টি বিদ্যালয়ের ফ্লোর ও দেয়ালের ব্যাপক ক্ষতি হয়েছে। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, ক্ষতিগ্রস্থ বিদ্যালয়গুলো সাময়িক মেরামত পূর্বক বিদ্যালয়ের শতভাগ পাঠদান কার্যক্রম চালু করা যেতে পারে। তবে যেসকল বিদ্যালয়ে বন্যার পানি উঠেছে সেসকল বিদ্যালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করা জরুরী। | (ঞ) বন্যায় ক্ষতিগ্রস্থ বিদ্যালয়সমূহ তালিকা করে দ্রুত মেরামতের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| | | (ট) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নবনির্বাচিত চেয়ারম্যানগণের সাথে ইউডিসির উদ্যোক্তাদের চুক্তি স্বাক্ষরের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ হতে বারংবার নির্দেশনা প্রদান করা হলেও এখনো অনেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান চুক্তি স্বাক্ষর করেননি। দ্রুত এসকল চুক্তি স্বাক্ষর করে প্রতিবেদন দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও বলেন, স্থানীয় সরকার বিভাগ হতে প্রতিটি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে বঙ্গবন্ধুর ম্যুরাল ও বীর মুক্তিযোদ্ধাদের নামীয় ফলক তৈরির বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতের কার্যক্রম অনেকটা স্থবির হয়ে পড়েছে মর্মে সভায় অবহিত করা হয়। চেয়ারম্যান চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনায় অংশ নিয়ে বলেন, গ্রাম আদালতের মাধ্যমে অসহায় নির্যাতিত জনগণ অতি সহজে ও বিনা খরচে তাদের ন্যায় বিচার পেতে পারেন। তিনি গ্রাম আদালতের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষে উদ্যোগ গ্রহণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যাগণের দৃষ্টি আকর্ষণ করেন। | (ট-১) নবনির্বাচিত চেয়ারম্যানগণের সাথে ইউডিসি উদ্যোক্তার চুক্তি স্বাক্ষর পূর্বক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ট-২) জনাব আব্দুল হক, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার; উপজেলা সমাজসেবা অফিসার ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি. এর সাথে সমন্বয় পূর্বক ইউনিয়ন পর্যায়ে বঙ্গবন্ধুর ম্যুরাল ও বীর মুক্তিযোদ্ধাদের নামীয় ফলক তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ<br>সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ |
| | | (ঠ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, বর্তমান ফেসবুকের কারণে অনেকে সত্য-মিথ্যা যাচাই না করেই বিভিন্ন তথ্য প্রচার করে থাকেন। ফলশ্রুতিতে সুবিধাভোগী কয়েকজনের লাভ হলেও সার্বিক দিক থেকে ব্যাপক ক্ষতি সাধিত হয়। বর্তমান সরকার এসকল দিক বিবেচনা করে আইসিটি আইন বাস্তবায়ন করলেও ফেসবুকে গুজব রটানো বন্ধ করা যাচ্ছেনা। তিনি বলেন, জাফলং এর বিষয়ে অনেকেই বিভিন্ন ভাবে ফেসবুকে মিথ্যা গুজব ছড়িয়ে দিনশেষে গোয়াইনঘাট উপজেলার আপামত জনগোষ্ঠীর ক্ষতি করেছেন। উপস্থিত চেয়ারম্যানগণ এ বিষয়ে বলেন, বর্তমানে ফেসবুকে মিথ্যা গুজব রটানোর কারণে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে | (ঠ-১) ফেসবুক কিংবা অনলাইনে মিথ্যা গুজব বন্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঠ-২) মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনেকটা অনীহা দেখা দিয়েছে। একপক্ষ বুঝে না বুঝে বিভিন্ন মুখরোচক মিথ্যা গল্প বানিয়ে জনসাধারণকে বিভিন্নভাবে বিভ্রান্ত করার চেষ্টা করে থাকে। উপস্থিত সদস্যগণ সভায় বলেন, বর্তমান পরিস্থিতি এভাবে চলতে থাকলে একসময় সরকারের উন্নয়ন কার্যক্রমে স্থবিরতা দেখা দিতে পারে। এতে করে গোয়াইনঘাট উপজেলাবাসী সরকারের উন্নয়নসহ সকল সেবা হতে বঞ্চিত হওয়ার সম্ভাবনা রয়েছে। সভায় ফেসবুকসহ অনলাইন গণমাধ্যমে যাতে মিথ্যা গুজবের বিরুদ্ধে সকলকে সজাগ থাকার আহ্বান জানানো হয়। উপস্থিত সদস্যগণ মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক কোম্পানিগঞ্জে ত্রাণ বিতরণ নিয়ে মিথ্যা নিউজ প্রচার করায় সভায় নিন্দা প্রস্তাব আনেন। | বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক কোম্পানিগঞ্জে ত্রাণ বিতরণ ও জাফলং এর ঘটনা নিয়ে ফেসবুক ও অনলাইন গণমাধ্যমে অপপ্রচারের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব সভায় গৃহীত হয়। | |
| | | (ড) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, গত মাসে উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন বাসবাড়ি মেরামত, পানির পাম্প মেরামত, পরিষদের সোলার মেরামত বাবদ নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে। তিনি উক্ত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি খাত হতে পরিশোধের প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে সভায় বলেন, উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন বাসাবাড়ি ঝরাজীর্ণ অবস্থায় রয়েছে। এগুলো এভাবে ছোট ছোট মেরামত না করে বৃহৎ আকারে মেরামত করে বসবাসের উপযোগী করে তোলা দরকার।<br>ক) উপজেলা প্রশাসনিক ভবনের সুয়ারেজ লাইন মেরামত ও সোলার মেরামত= ৭৭৭১/-<br>খ) পুরাতন ইউটিডিসি ভবনে পানির পাম্প স্থাপন ও পানির লাইন মেরামত= ২৩,৫০০/-<br>গ) ধানসিড়ি ভবনের ১ ও ৩নং ফ্লাটের পানির ট্যাংক ও পানির লাইন মেরামত এবং সংস্কার= ৭১১৫/- | (ড) উপস্থাপিত মেরামত/সংস্কার বিল বিধি মোতাবেক পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় **যথাসময়ে** উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯.**৩৬৯** তারিখ : ০৫-০৬-২০২২ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ....................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক......................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব.......................................................গোয়াইনঘাট, সিলেট।

(তাহমিলুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।